



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭



স্মারক নং-শেকৃবি/পরিষদ/৯৫তম সি:বাস্ত:/২০২১-১৮৮

তারিখ: ৩০-০৯-২০২১ খ্রিঃ

জরুরী নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি পর্যালোচনাসহ বিশ্ববিদ্যালয় খোলার বিষয়ে মতবিনিময় করার নিমিত্ত গত ২১-০৯-২০২১ তারিখ বিকাল ৫:০০ টায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মো: শহীদুর রশীদ ভূঁইয়া এর সভাপতিত্বে তাঁর সভা কক্ষে বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ড্রেজারার, সকল ডিন, পরিচালক এবং আবাসিক হলসমূহের প্রভোস্টগণের সমন্বয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভার সুপারিশের আলোকে ২৯-০৯-২০২১ তারিখে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের সিডিকেটের ৯৫তম সভায় বিশ্ববিদ্যালয় খোলার বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত (সিদ্ধান্ত-০২) গৃহীত হয়েছে:


(১) আগামী ০১-১০-২০২১ তারিখ হতে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসহ বিশ্ববিদ্যালয় খোলা হবে এবং বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার ৩০-০৯-২০২১ তারিখ হতে চালু থাকবে;

(২) সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে শুধুমাত্র এ বিশ্ববিদ্যালয়ের নিয়মিত ছাত্র-ছাত্রীবৃন্দ স্ব-স্ব হলে প্রবেশ এবং অবস্থান করতে পারবে;

(৩) আবাসিক হলে প্রবেশের সময় ছাত্র-ছাত্রীবৃন্দকে-কোভিড-১৯ এর টিকা গ্রহণ সম্পর্কিত সনদের ফটোকপি অথবা টিকা গ্রহণের লক্ষ্যে রেজিস্ট্রেশন সম্পন্নকারীদের রেজিস্ট্রেশন কার্ড (কোভিড-১৯ টিকাদান কার্ড) এর ফটোকপি স্ব-স্ব হল অফিসে জমা দিতে হবে;

উপর্যুক্ত বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সাদেশক্রমে,


(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে) :

১. ডিন, কৃষি অনুষদ/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ/এনিমেল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি।
২. পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজী, শেকৃবি।
৩. বিভাগীয় চেয়ারম্যান (সকল) বিভাগ, শেকৃবি।
৪. গ্রন্থাগারিক, শেকৃবি, ঢাকা।
৫. প্রভোস্ট (সকল), শেকৃবি
(সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণ এবং ছাত্র-ছাত্রীদের হলে প্রবেশ ও অবস্থানের বিষয়ে সার্বিক প্রস্তুতি গ্রহণসহ তদারকির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬. প্রক্টর, শেকৃবি, ঢাকা।
৭. পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা/অর্থ ও হিসাব/পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস/আইকিইএসি/তথ্য ও যোগাযোগ কেন্দ্র/ড. এম এ ওয়াজেদ মিয়া গবেষণা কেন্দ্র), শেকৃবি।
৮. পরীক্ষা নিয়ন্ত্রক, শেকৃবি।
৯. প্রধান প্রকৌশলী, শেকৃবি।
১০. চীফ মেডিকেল অফিসার, শেকৃবি।
১১. পরিচালক (শরীরচর্চা শিক্ষা/গবেষণা/বহিরাঙ্গন কার্যক্রম), শেকৃবি।
১২. ট্রান্সপোর্ট কো-অর্ডিনেটর, পরিবহন শাখা, শেকৃবি, ঢাকা।
১৩. প্রধান খামার তত্ত্বাবধায়ক, খামার ব্যবস্থাপনা শাখা, শেকৃবি।
১৪. অতিরিক্ত পরিচালক (বাজেট/অর্থ ও হিসাব), শেকৃবি।
১৫. অতিরিক্ত রেজিস্ট্রার (পরিষদ), শেকৃবি।
১৬. ভিসি মহোদয়ের একান্ত সচিব/অতিরিক্ত রেজিস্ট্রার, শেকৃবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭. জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর, শেকৃবি।
১৮. ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)-এ, রেজিস্ট্রার কার্যালয়, শেকৃবি।
১৯. উপ-পরিচালক (অডিট/নিরাপত্তা), শেকৃবি।
২০. সহকারী রেজিস্ট্রার, এস্টেট শাখা, রেজিস্ট্রার কার্যালয়, শেকৃবি।
২১. পিএ-টু ড্রেজারার/রেজিস্ট্রার, শেকৃবি।
২২. সংশ্লিষ্ট নথি/মহানথি।